

নন্দিতা বন্দ্যোপাধ্যায়

সাঁঝ - বন্দনা

অজানা বাসস্টপে

ভুল করে, একা একা

অলৌকিক প্রতীক্ষায় ছিলাম

বাতাসে ঘূর্ণি শরতের

ছুটে যাওয়া স্বপ্নময় চাকারা

কত কথা দিয়ে গেল ফিসফিস

গাছেদের কানে —

সে সব খবরের স্বাদে

বালকানি লুটেপুটি শাখায় শাখায়

কী অপরূপ মাতামাতি সবুজ পাতায়

আকাশমুখি গাছেদের মাথায়, বিদ্যুতের তারে

সূর্যের মুখোমুখি বসা

সারি সারি পাখিদের গান

দিনের শেষ আলো দিয়ে

এই প্রথম —

পাখিদের সাঁঝ-বন্দনা দেখলাম

ভুল করে অজানা বাসস্টপে

এক অলৌকিক প্রতীক্ষায় ছিলাম

চাতক বালিকা

সকাল জুড়ে বৃষ্টি

শ্রমেরা বেড়িয়েছে রাস্তায়

বৃষ্টি মাখবে না বলে

লাল কালো ছাতার বহর

মেঘ-জলে স্নান সারে

নারকেল কাঁঠালের সবুজ শরীর

ঝরে যায় সজনের ঘাণ

রাজপথ জুড়ে হাঁটে

ভিজে যাওয়া দু-বিনুনি রোদ

চাতক - বালিকা খুশি

এ বৃষ্টিকে করেছে সুন্দর